

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩১.১৮.২৮

তারিখ: ২৩ মাঘ ১৪২৫

০৫ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: বদলিজনিত কারণে আইডিয়াল স্কুল এন্ড কলেজ এর বনশ্রী শাখায় সন্তান ভর্তির আবেদন সংক্রান্ত।

সূত্র: ২৪.০১.২০১৯ তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ সাইফুল হাসান (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ-১ অধিশাখা এর ২৩/০১/২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৩.১৯.৭৬ নং প্রজ্ঞাপনমূলে উপ-পরিচালক, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড হিসেবে বদলির আদেশ প্রাপ্ত হন। তিনি পূর্বে অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে ফরিদপুর জেলায় কর্মরত ছিলেন। তাঁর ছেলে রিহান ইউনুস হাসান ফরিদপুর জিলা স্কুলের একজন ছাত্র। বদলিজনিত কারণে তিনি তাঁর ছেলে রিহান ইউনুস হাসান কে আইডিয়াল স্কুল এন্ড কলেজ এর বনশ্রী শাখায় ৪র্থ শ্রেণিতে ভর্তি করার জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। বর্ণিতাবস্থায়, জনাব মোহাম্মদ সাইফুল হাসান, উপ-পরিচালক, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (উপসচিব), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা এর সন্তান রিহান ইউনুস হাসান কে আইডিয়াল স্কুল এন্ড কলেজ এর বনশ্রী শাখায় ৪র্থ শ্রেণিতে ভর্তির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

৫-২-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds\_sec2@moedu.gov.bd

উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল,  
ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩১.১৮.২৮/১(৪)

তারিখ: ২৩ মাঘ ১৪২৫

০৫ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) জনাব মোহাম্মদ সাইফুল হাসান, উপপরিচালক, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (উপসচিব), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা।

৩০২৬

৫-২-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব